

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড(ইউ.সি.বি.)
ঝিনাইদহ শাখা, ঝিনাইদহ।

“বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিস্তৃষ্টি(অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক)”

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউসিবি, ঝিনাইদহ শাখা, ঝিনাইদহ এর ঋণ গ্রহীতা মেসার্স রুহিন মটরস প্রোপাইটর- জাহাঙ্গীর কবির(তুহিন), পিতা- মৃত মোঃ আব্দুল মতলেব মিয়া, ঠিকানা- ব্যাপারীপাড়া, সদর, ঝিনাইদহ কর্তৃক গ্রহীত ঋণের জামানত হিসেবে নিম্ন তফসিল ভুক্ত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনা রেজিস্ট্রীকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্দক আছে এবং রেজিস্ট্রীকৃত আমমোক্তারনামা দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের ক্ষমতা ব্যাংকে প্রদান করা আছে। ঋণ গ্রহীতা ঋণ মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩১/১২/২০১৫ ইং তারিখ পর্যন্ত ঋণ হিসাবে বকেয়া স্থিতি বাবদ ব্যাংকের পাওনা মোট ৩,১২,১৯,৯২৫.৪২ (কথায়-তিন কোটি বারো লক্ষ উনিশ হাজার নয়শত পঁচিশ টাকা বিয়াল্লিশ পয়সা) টাকা সহ অন্যান্য আনুশঙ্গিক খরচ এবং আদায় কালতক সুদ আদায়ের নিমিত্তে তফসিল ভুক্ত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনা নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তি সমূহে তফসিল

- ১) জেলা-ঝিনাইদহ, থানা-সদর, জে.এল নং-১২৫, মৌজা-ঝিনাইদহ, খতিয়ান নং- সি.এস-৩১১, এস.এ-৩৮৬, দাগ নং- ৪১৪, মোট জমির পরিমাণ-৯৮ শতাংশ ফাঁকা জমি, মালিক- মোঃ আব্দুল মতলেব, পিতা-মৃত আব্দুল গনি মিয়া, ঠিকানা- ব্যাপারীপাড়া, সদর, ঝিনাইদহ।
- ২) জেলা-ঝিনাইদহ, থানা-সদর, জে.এল. ১২৫, মৌজা-ঝিনাইদহ, সি.এস-৪৪৩, এস.এ.-৫১৫, মিউটেশন খতিয়ান নং-৫১৫/১, দাগ নং ৬২৪ সহ তদুপরিস্থিত এক তলা দালান, মালিক- মোঃ আব্দুল মতলেব, পিতা-মৃত আব্দুল গনি মিয়া, ঠিকানা- ব্যাপারীপাড়া, সদর, ঝিনাইদহ।

নিলামের শর্তাবলী

- ১। আগামী ৩১.০৫.২০১৬ ইং তারিখে অপরাহ্ন ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, ঝিনাইদহ শাখা, ঝিনাইদহ এ রক্ষিত টেন্ডার বাঞ্ছা দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে(যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- ২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দরের ১০% এর সমপরিমাণ টাকা জামানতস্বরূপ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, ঝিনাইদহ শাখা, ঝিনাইদহ এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- ৩। উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০(নব্বই) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- ৪। দরদাতাগণ তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিকের জন্য গ্রহণযোগ্য হইবে না।
- ৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে আপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্ন স্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন-রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা সরকারী, স্বায়িচ্ছ শাসিত প্রতিষ্ঠানের যথা- পৌরসভা, ওয়াসা, পি.ডি.বি./ পল্লী বিদ্যুত, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।

৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আওপত্তি গ্রহণযোগ্য হইবে না।

৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যাতিরেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, ঝিনাইদহ শাখা, ঝিনাইদহ